

বিমানের সঙ্গে গলফ হাউজের সমঝোতা স্মারক সই

- A Monitor Desk Report

Date: 29 May, 2024



ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এবং গলফ হাউজের মধ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়েছে। মঙ্গলবার (২৮ মে) বিমান প্রধান কার্যালয় বলাকায় এই এমওইউ সই হয়।

এর ফলে গলফ হাউজের সদস্যরা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর বিভিন্ন রুটে বিশেষ মূল্যে টিকেট ক্রয় করতে পারবেন। সাথে সাথে গলফ হাউজ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর প্রচারে দেশে-বিদেশে বিশেষ ভূমিকা পালন করতে পারবেন।

উক্ত সমঝোতা স্মারক সম্পাদন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আজিম (সচিব), বিশেষ অতিথি ছিলেন গলফ হাউজের ব্যবস্থাপনা পরিচালক নজরুল হোসেন অয়ন, গলফ হাউজের উপদেষ্টা বোর্ডের সদস্য লেফটেন্যান্ট জেনারেল মো. শফিকুর রহমান (অব.), লেফটেন্যান্ট কর্নেল কামরুল ইসলাম (অব.), বিমান এর পরিচালক গ্রাহক সেবা হায়াত-উদ-দৌলা খাঁন (যুগ্ম-সচিব), মো. মাহমুদুল আলম (যুগ্ম-সচিব), পরিচালক কার্গো মোহাম্মদ সালাউদ্দিন, পরিচালক বিপনন ও বিক্রয়সহ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এবং গলফ হাউজের উর্ধ্বতন কর্মকর্তারা।

-B